জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা বাংলাদেশ

ফোন ঃ পিএবিএক্স ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স ঃ ০২২২৪৪৯১০৫২
ই-মেইল ঃ registrarju@juniv.edu
registrarju@gmail.com
ওয়েবসাইট ঃ www.juniv.edu

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বৃত্তি কমিটির সুপারিশক্রমে নিম্নে উল্লেখিত ২০২২-২০২৩ থেকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ পর্যন্ত এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত পূর্ণকালীন এমবিবিএস, বিডিএস, আর্কিটেকচারসহ অন্যান্য সমমানের ডিগ্রীধারী গবেষকদের গবেষণা বৃত্তি মঞ্জুরের সুপারিশ করা হলো।

ক্রঃনং	গবেষকের নাম	বিভাগ	রোল নং	প্রোগ্রাম	ক্যাটাগরি	শিক্ষাবর্ষ	সংযুক্ত হল	সুপারিশ
১.	ডালিয়া সুলতানা	ফার্মেসী	৮১	এমফিল	বিএএমএস	২০২২-২০২৩	প্রীতিলতা	১ম
২.	মরিয়ম আক্তার মিতু	ফার্মেসী	৮৩	এমফিল	বিইউএমএস	২০২২-২০২৩	প্রীতিলতা	অপেক্ষমান
৩.	মজিব উল্লাহ্ মামুন	প্রাণ রসায়ন ও অনুঃ বিঃ	৭৮	এমফিল	বিডিএস	২০২২-২০২৩	মীর মশাররফ হোসেন	১ম
৪.	মোঃ শেখ মারুফ হোসেন	প্রত্নতত্ত্ব	৯	পিএইচডি	আর্কিটেকচার	২০২২-২০২৩	মওলানা ভাসানী	১ম
৫.	এস এম নাজিমউদ্দীন	প্রত্নতত্ত্ব	৮	পিএইচডি	আর্কিটেকচার	২০২২-২০২৩	মওলানা ভাসানী	২য়
৬.	ডা. মোহাম্মদ কামরুজ্জামান	প্রাণ রসায়ন ও অনুঃ বিঃ	৮০	পিএইচডি	এমবিবিএস	২০২৩-২০২৪	আলবেরুনী	১ম
৭.	শবনম ইমাম	ফার্মেসী	১০	এমফিল	এমবিবিএস	২০২৪-২০২৫	বীরপ্রতীক তারামন বিবি	১ম
৮.	উম্মে কুলসুম মনীষা	পাবলিক হেলথ এন্ড ইনঃ	১৪	এমফিল	বিডিএস	২০২৪-২০২৫	জাহানারা ইমাম	১ম
৯.	নাবিল যুনায়েদ সিডনী	ফার্মেসী	৩৩	পিএইচডি	এমবিবিএস	২০২৪-২০২৫	শের-ই-বাংলা এ কে ফজলুল হক	১ম
১০.	আরিফ চৌধুরী অপু	পাবলিক হেলথ এন্ড ইনঃ	৩৫	পিএইচডি	এমবিবিএস	২০২৪-২০২৫	শের-ই-বাংলা এ কে ফজলুল হক	২য়
১১.	আ. স. ম. আমিনুর রহমান	প্রত্নতত্ত্ব	২৮	পিএইচডি	আর্কিটেকচার	২০২৪-২০২৫	মওলানা ভাসানী	১ম
১২.	ফাতেমা তুজ জোহরা	পাবলিক হেলথ এন্ড ইনঃ	১৮	এমফিল	এমবিবিএস	২০২৫-২০২৬	বেগম সুফিয়া কামাল	১ম
১৩.	ডাঃ হোসনে আফরোজ	পাবলিক হেলথ এন্ড ইনঃ	৩৩	পিএইচডি	এমবিবিএস	২০২৫-২০২৬	বেগম সুফিয়া কামাল	১ম

বৃত্তির টাকা উত্তোলনের শর্তঃ

- ✓ বৃত্তিপ্রাপ্ত এমফিল গবেষক ০২ (দুই) বছরের জন্য মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং পিএইচডি গবেষক ০৩ (তিন) বছরের জন্য মাসিক ৭,০০০/- (সাত হাজার) টাকা হারে বৃত্তি পাবেন।
- ✓ এমফিল/পিএইচডি গবেষেককে বৃত্তির ১ম কিস্তির টাকা উত্তোলনের জন্য প্রথম পর্ব পরীক্ষা সমাপ্তির পর মার্কশীট এর সত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট অনুষদের ডিন, বিভাগীয় সভাপতি ও গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে ডেপুটি রেজিস্ট্রার (উচ্চশিক্ষা ও বৃত্তি), জাবি-এর বরাবর আবেদন করতে হবে।
- ✓ পিএইচডি গবেষেককে বৃত্তির ২য় কিস্তির টাকা উত্তোলনের ক্ষেত্রে তত্ত্বাবধায়কের মাধ্যমে তাঁর গবেষণা 'পূর্ণকালীন' এবং 'গবেষণা কাজের সন্তোষজনক অগ্রগতি' মর্মে প্রত্যয়নপত্রসহ আবেদন করতে হবে। যাদের কোর্স ওয়ার্ক থেকে অব্যাহতি আছে, তাঁদের কোর্স ওয়ার্ক থেকে অব্যাহতি পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ✓ এমফিল/পিএইচডি গবেষকগণ বৃত্তির শেষ কিস্তির টাকা উত্তোলনের জন্য গবেষণাকর্ম সমাপ্ত করে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে অভিসন্দর্ভ/থিসিস জমা দিয়েছেন মর্মে তার একসেপটেন্স লেটারসহ আবেদন করবেন।
- ✓ এমফিল/পিএইচডি গবেষক প্রত্যেক কিস্তির বৃত্তির টাকা উত্তোলনের সময় সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে চাকরিরত হলে গবেষণার মেয়াদকাল পর্যন্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের মঞ্জুরীকৃত ছুটির অফিস আদেশ/প্রজ্ঞাপন এবং যে সকল গবেষক চাকুরিরত নন তাঁদের "কোথাও চাকুরি করছেন না"-এই মর্মে গবেষণা তত্ত্বাবধায়কের প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে।
- ✓ বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটের https://juniv.edu/center/4175/file/11808 লিঙ্কে বৃত্তির বিল ফরম ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণপূর্বক রেজিস্ট্রার অফিসের উচ্চশিক্ষা ও বৃত্তি শাখায় জমা দিতে হবে। বিল ফরমের সাথে প্রত্যেক কিস্তির বৃত্তির বিজ্ঞপ্তির কপি সংযুক্ত করতে হবে। বৃত্তির টাকা উত্তোলনের জন্য যেকোনো ব্যাংকে গবেষকের অবশ্যই নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
- ✓ এমফিল/পিএইচডি গবেষককে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বৃত্তির অঙ্গীকারপত্র সম্পাদন করতে হবে। অঙ্গীকারপত্রে গবেষককে 'পূর্ণকালীন গবেষক হিসেবে গবেষণা করছেন' অবশ্যই উল্লেখ করতে হবে।
- ✓ এমফিল/পিএইচডি গবেষেক পুনঃভর্তি হলে শেষ কিস্তির বৃত্তি উত্তোলন করতে পারবেন না।
- ✓ এমফিল/পিএইচডি গবেষক খন্ডকালীন গবেষক হিসেবে রূপান্তরিত হলে বৃত্তির টাকা উত্তোলন করতে পারবেন না এবং যদি কোনো গবেষক ১ম/২য় পর্বের বৃত্তির টাকা উত্তোলনের পর খন্ডকালীন গবেষক হিসেবে রূপান্তরিত হয় তাহলে উত্তোলিত সমুদয় অর্থ ০১ (এক) কিস্তিতে অনুর্ধ্ব ০১ (এক) মাসের মধ্যে ফেরত দিতে বাধ্য থাকবেন। অন্যথায় ফলাফল স্থগিত থাকবে।
- ✓ এমফিল/পিএইচডি গবেষক যদি ভর্তি হওয়ার ০৬ (ছয়) মাসের মধ্যে গবেষণাকর্ম শুরু না করেন অথবা গবেষণাকর্মে যদি কোনো অগ্রগতি না থাকে অথবা যুক্তিসঙ্গত কারণ ছাড়াই গবেষক গবেষণা কাজে অনুপস্থিত থাকেন অথবা নির্ধারিত সময়ে গবেষণা শুরু ও সম্পন্ন করতে না পারেন সেক্ষেত্রে বিভাগীয় উচ্চতর শিক্ষা কমিটির সভাপতি, গবেষণা তত্ত্বাবধায়ক ও বিভাগীয় সভাপতির রিপোর্টের ভিত্তিতে তাঁর বৃত্তি বাতিল করা হবে।
- ✓ এমফিল/পিএইচডি গবেষক যদি ডিগ্রি অর্জনে সম্পূর্ণরূপে ব্যর্থ হন সেক্ষেত্রে তাঁকে গৃহীত বৃত্তির সমুদয় টাকা ১ (এক) কিস্তিতে অনুর্ধ্ব ২ (দুই) মাসের মধ্যে বিশ্ববিদ্যালয়কে ফেরৎ দিতে বাধ্য থাকবেন।
- ✓ এমফিল/পিএইচডি গবেষক অন্য কোনো সংস্থা বা প্রতিষ্ঠান থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে থাকলে এই বিশ্ববিদ্যালয়ের বৃত্তি বাতিল বলে গণ্য হবে। তবে তিনি যদি এই বিশ্ববিদ্যালয় থেকে গবেষণা বৃত্তির কোনো পর্ব/কিস্তির অর্থ পূর্বে উত্তোলন করে থাকেন উত্তোলিত বৃত্তির টাকা ১ (এক) কিস্তিতে অনুর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে ফেরৎ দিতে বাধ্য থাকবেন।

অপেক্ষমান প্রার্থীর ক্ষেত্রেঃ

বৃত্তির জন্য মনোনীত ১ম ও ২য় গবেষক অন্য কোনো সংস্থা বা প্রতিষ্ঠান থেকে বৃত্তিপ্রাপ্ত হলে বা কোর্স পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অকৃতকার্য হলে বা অন্য কোনো কারণে বৃত্তি বাতিল বা ভর্তি বাতিল করলে পরবর্তী অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রমানুযায়ী মনোনীত গবেষককে অনুষদের ডিন, বিভাগীয় সভাপতি ও তত্ত্বাবধায়কের সুপারিশের ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে।

স্বাক্ষর/- লুৎফর রহমান আরিফ
ডেপুটি রেজিস্ট্রার (উচ্চশিক্ষা ও বৃত্তি)

স্মারক সংখ্যাঃ রেজি/উচ্চশিক্ষা ও বৃত্তি/ ৬২৭৪ (৮৫)

তারিখঃ ০৮/০২/২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. প্রো-উপাচার্য (শিক্ষা), জাবি, সাভার, ঢাকা।
২. কোষাধ্যক্ষ, জাবি, সাভার, ঢাকা।
৩. সকল ডিন, জাবি, সাভার, ঢাকা।
৪. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাবি, সাভার, ঢাকা।
৫. সকল প্রভোস্ট, জাবি, সাভার, ঢাকা।
৬. সকল বিভাগীয় সভাপতি, জাবি, সাভার, ঢাকা।
৭. পরিচালক, আইবিএ-জেইউ/ আইআইটি/আইসিএলসি/ আইআরএস এন্ড জিআইএস, জাবি, সাভার, ঢাকা।
৮. হিসাবাধ্যক্ষ/পরীক্ষা নিয়ন্ত্রক, জাবি, সাভার, ঢাকা।
৯. ডেপুটি রেজিস্ট্রার (উপাচার্যের সচিব), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা।
১০. বৃত্তিপ্রাপ্ত সকল গবেষক।

08.02.2026

ডেপুটি রেজিস্ট্রার (উচ্চশিক্ষা ও বৃত্তি)